

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬৯৮

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩৪. শত্রু- দেশে উদ্বৃত্ত খাদ্য বিক্রি করা।

باب فِي بَيْعِ الطَّعَامِ إِذَا فَضَلَ عَنِ النَّاسِ فِي أَرْضِ الْعَدُوِّ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُصنَقَّى، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُبَارِكِ، عَنْ يَحْيَى بْنِ حَمْزَةَ، قَالَ حَدَّثَنَا أَبُو عَبْدِ الْعَزِيزِ، _ شَيْخُ مِنْ أَهْلِ الأُرْدُنِ _ عَنْ عُبَادَةَ بْنِ نُسَيِّ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ غَنْمٍ، قَالَ رَابَطْنَا مَدِينَةَ قِنَّسْرِينَ مَعَ شُرَحْبِيلَ بْنِ السِّمْطِ فَلَمَّا فَتَحَهَا أَصَابَ فِيهَا غَنَمًا وَبَعَلَ الْمَغْنَمِ فَلَقِيتُ مُعَاذَ بْنَ جَبَلٍ فَحَدَّثْتُهُ فَقَالَ وَبَعَلَ الله عليه وسلم خَيْبَرَ فَأَصَبْنَا فِيهَا غَنَمًا فَقَسَمَ فِينَا مَل الله عليه وسلم خَيْبَرَ فَأَصَبْنَا فِيهَا غَنَمًا فَقَسَمَ فِينَا رَسُولِ الله عليه وسلم طَائِفَةً وَجَعَلَ بَقِيَّتَهَا فِي الْمَغْنَمِ الْمَغْنَمِ .

বাংলা

২৬৯৮. মুহাম্মদ ইবন মুসতাফা (রহঃ) আবদুর রহমান ইবন গানাব (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমরা শুরাহবিল ইবন সামতের সাথে 'কানসারীন' শহর অবরোধ করি। যখন তা বিজিত হয়, তখন সেখানে কিছু গাভী ও বকরী পাওয়া যায়। যা থেকে তিনি আমাদের মাঝে কিছু বন্টণ করে দেন এবং বাকী অংশ মালে গণীমতের অর্ন্তভুক্ত করেন। এরপর আমি মু'আয ইবন জাবাল (রাঃ) এর সঙ্গে সাক্ষাৎ করি এবং তাঁর কাছে ব্যাপারটি বর্ণনা করি। তখন মু'আয (রাঃ) বলেনঃ আমরা রাস্লুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে খায়বরের যুদ্ধে অংশগ্রহণ করি। সেখানে আমরা কিছু ছাগল পাই। যা থেকে রাস্লুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমাদের মাঝে কিছু বন্টন করে দেন এবং বাকী অংশ গণীমতের মালের মধ্যে শামিল করেন।

English

Narrated Mu'adh ibn Jabal:

AbdurRahman ibn Ghanam said: We were stationed at the frontiers of the city of Qinnisrin with Shurahbil ibn as-Simt. When he conquered it, he got sheep and cows there. He distributed some of them amongst us, and



deposited the rest of them in the spoils of war. I met Mu'adh ibn Jabal and mentioned it to him. Mu'adh said: we went on an expedition of Khaybar along with the Messenger of Allah (ﷺ) and we got spoils there. The Messenger of Allah (ﷺ) divided them among us and placed the rest of them in the booty.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন